গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

নং-৩৩.০২.৩৫৯১.৫০১.৮৫.০০২.২১.২৪২ তারিখ: ০৭/০৮/২০২৩ খ্রি.

## কোটেশন বিজ্ঞপ্তি

পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও বিধিমালা ২০০৮ অনুসারে গোপালগঞ্জ জেলাধীন টুঙ্গিপাড়া উপজেলার বিভিন্ন প্রাতিষ্ঠানিক/ উন্মুক্ত জলাশয়ে পোনামাছ অবমুক্তির জন্য রুই জাতীয় ও দেশীয় প্রজাতির জীবন্ত মাছের পোনা ক্রয়ের নিমিত্তে আগ্রহী পোনা উৎপাদনকারী/পোনা ব্যবসায়ী/পোনা সরবরাহকারীদের নিকট হতে নির্ধারিত কোটেশন দলিলে (সিডিউলে) বর্ণিত শর্ত মোতাবেক সীল মোহরকৃত খামে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

| | | |
|---|---|---|
| ০১. | মন্ত্রণালয়/ বিভাগ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/ মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ |
| ০২. | প্রতিষ্ঠানের নাম | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ |
| ০৩. | কাজের নাম | রুই জাতীয় (রুই, কাতলা ও মৃগেল) ও দেশীয় প্রজাতি (শিং) জীবন্ত মাছের পোনা সরবরাহ (বরাদ্দের ৮০% টাকার রুই জাতীয় ও ২০% টাকার দেশীয় প্রজাতির জীবন্ত মাছের পোনা) |
| ০৪. | কোটেশন আহ্বানকারী ও ক্রয় স্বত্বাধিকারী | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ |
| ০৫. | বাজেট বরাদ্দ ও টাকার উৎস | ৪.০ লক্ষ টাকা, প্রকল্প পরিচালক, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ মহোদয়ের পত্র নং- ৩৩.০২.০০০০.৯৫৭.০৯.০০৪.২২.৬৯৪ তারিখ-১৮/০৭/২০২৩ খ্রি. |
| ০৬. | সংগ্রহ পদ্ধতি | কোটেশন পদ্ধতি |
| ০৭. | কোটেশন সিডিউল বিতরনের তারিখ, সময় ও স্থান | ০৭/০৮/২০২৩ খ্রি. তারিখ থেকে ১০/০৮/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ |
| ০৮. | কোটেশন জমাদানের তারিখ , সময় ও স্থান | ১৩/০৮/২০২৩ খ্রি. বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত , সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ |
| ০৯. | কোটেশন খোলার তারিখ, সময় ও স্থান | ১৩/০৮/২০২৩ খ্রি. বেলা ১২.৩০ ঘটিকায় কোটেশন দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন), সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ |
| ১০. | কোটেশন মূল্যায়ন কমিটির সভার স্থান | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ |
| ১১. | কোটেশন দাতাগণের যোগ্যতা | কোটেশন সিডিউলে বর্ণিত শর্তাবলী মোতাবেক। |
| ১২. | কোটেশন সিডিউলের মূল্য | বিনামূল্যে বিতরণ। |
| ১৩. | কোটেশন নিরাপত্তা জমানতের পরিমান | প্রযোজ্য নহে |
| ১৪. | বিশেষ নির্দেশিকা | নীতিমালা মোতাবেক ক্রয় কমিটি/ কোটেশন মূল্যায়ন কমিটি / ক্রয়কারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে বিবেচিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত কমিটি/ ক্রয়কারী কর্তৃপক্ষ যে কোন কোটেশন বাতিল/গ্রহণ/পরিবর্তন/ সংরক্ষণ করার ক্ষমতা সংরক্ষণ করেন। কোটেশনের সকল শর্তাবলী সিডিউলে বিস্তারিত বর্ণিত হয়েছে। |

(প্রদীপ কুমার দাস)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

নং-৩৩.০২.৩৫৯১.৫০১.৮৫.০০২.২১.২৪২/১(১৮) তারিখ: ০৭/০৮/২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা
০২. জেলা মৎস্য কর্মকর্তা, গোপালগঞ্জ
০৩ প্রকল্প পরিচালক, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প,মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ
০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টুঙ্গিপাড়া. গোপালগঞ্জ
০৫ উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া. গোপালগঞ্জ
০৮. ………………………………অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
০৯ জনাব………………………………., টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
১০. ………………………………অফিসার, সদস্য, কোটেশন মূল্যায়ন কমিটি, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
১১ নোটিশ বোর্ড, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
১২. সংশ্লিষ্ট নথি

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

# -  কোটেশনের শর্তাবলীঃ-

০১. কোটেশন দলিল আগামী ১০/০৮/২০২৩ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকা পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।

০২. **কোটেশনের জন্য যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে:**

**ক) প্রকৃত পোনামাছ উৎপাদনকারীর ক্ষেত্রে**

i) হালসন পর্যন্ত নবায়িত ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।

**(খ) সরবরাহকারীর ক্ষেত্রে**

i) কোটেশনের যোগ্যতা অর্জনের জন্য ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নবর্নিত কাগজপত্র অথবা মূল কাগজপত্রাদি কোটেশনের সাথে সংযুক্ত করতে হবে। ব্যর্থতায় কোটেশন অগ্রহণযোগ্য এবং বাতিল বলে গণ্য হবে এবং তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

ii) হালসন পর্যন্ত নবায়নকৃত ট্রেড লাইলেন্স।

iii) ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট।

iv) টি.আই.এন নম্বরসহ আয়কর সার্টিফিকেট (হালনাগাদ)।

v) যে কোন তফশীলি ব্যাংক হতে আর্থিক স্বচ্ছলতার সনদপত্র।

০৩. পোনা উৎপাদনকারী/সরবরাহকারী/কোটেশনদাতা বা প্রতিষ্ঠান নিজে বা তার প্রতিনিধি কর্তৃক সংযুক্ত সিডিউল অনুযায়ী কোটেশন দলিল পুরণপূর্বক খামের মধ্যে সীলগালা করা অবস্থায় আগামী ১৩/০৮/২০২৩ খ্রি. তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে। কোটেশন খামের উপরে "কোটেশন" বিজ্ঞপ্তি নং ও তারিখ, দরদাতার নাম, ঠিকানা ও কাজের নাম উল্লেখ করতে হবে। উল্লেখিত তারিখ ও সময়ের পরে আর কোন কোটেশন গ্রহণ করা হবে না।

০৪. কোটেশনে প্রজাতি ভিত্তিক প্রতি কেজি পোনার মূল্য অংকে উল্লেখ করতে হবে এবং গড় দরহার (রুই জাতীয় ও দেশীয় প্রজাতি) অংকে ও কথায় উল্লেখ করতে হবে। কোন প্রকার কাটাকাটি বা ঘসামাজা কোটেশন গ্রহণযোগ্য হবে না। কোটেশনে উল্লেখিত মূল্য বর্তমান বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ন হতে হবে এবং সর্বনিম্ন দরদাতার কোটেশন বিধি মোতাবেক গ্রহণ করা হবে। **উল্লেখ্য, যে কোটেশনদাতার দাখিলকৃত দরহারে সর্বোচ্চ পরিমান পোনা প্রাপ্তি নিশ্চিত হবে মূল্যায়ন কমিটি কর্তৃক উক্ত দরদাতা কৃতকার্য/সর্বনিম্ন কোটেশনদাতা হিসেবে গন্য হবে।**

০৫. প্রতি কেজি রুই জাতীয় পোনা মাছের দরহার ৩৫০/- (তিনশত পঞ্চাশ টাকা) এবং প্রতি কেজি দেশীয় প্রজাতির মাছের দরহার ৮০০/- (আটশতটাকার) অধিক হতে পারবে না।

০৬. নির্বাচিত কোটেশনদাতাকে কার্যাদেশ প্রাপ্তির পর (কার্যাদেশে উল্লেখিত পরিমান মোতাবেক) নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পূর্ন নিজ খরচে ও নিজ দায়িত্বে নির্বাচিত জলাশয়ে বরাদ্দের ৮০% টাকার ১০-১৩ সে.মি. সাইজের রুই জাতীয় (রুই-৪০%,কাতলা-২০%,মৃগেল ও কালিবাউস-৪০%) মাছের পোনা এবং বরাদ্দের ২০% টাকার দেশীয় প্রজাতির ( শিং-প্রতি কেজিতে সর্বোচ্চ ২০০ টি) পোনা পৌছে দিতে হবে।

০৭. সরবরাহের জন্য আনীত পোনা অবশ্যই উপযুক্ত আকার/সাইজের অক্ষত, জীবিত ও সঠিক প্রজাতির হতে হবে এবং স্বচ্ছ ও পরিস্কার পরিচ্ছন্ন থাকতে হবে। সরবরাহকৃত পোনা ডিজিটাল মাপনযন্ত্রে সঠিকভাবে ওজন করে দিতে হবে।

০৮. প্রতি কনসাইনমেন্টে (চালান) আনীত পোনা হতে নমুনা হিসেবে গ্রহণ করে প্রজাতি, আকার, স্বাস্থ্য ও জীবিতের হার ইত্যাদি শর্ত যাচাইবাছাই পূর্বক গ্রহণযোগ্যতা নির্ধারণ করা হবে। পোনা সরবরাহকারী সিডিউলে যেদিন যে পরিমান পোনা সরবরাহের নির্দেশনা থাকবে ঐদিন ঐ পরিমান পোনা সরবরাহ করতে হবে।নির্ধারিত পরিমানের চেয়ে কম পোনা সরবরাহ করা হলে অবশিষ্ট পোনা পরবর্তীতে গ্রহণ করা হবেনা।

০৯. কার্যাদেশে বর্ণিত সিডিউল অনুযায়ী পোনা সরবরাহ করতে হবে। নির্ধারিত তারিখের পরে কোন পোনা গ্রহণ করা হবে না।

১০. কোটেশন গ্রহণের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন পর্যন্ত কোটেশনে উদৃত পোনার দরহার বলবৎ থাকবে। কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে পোনা সরবরাহ করতে হবে এবং সরবরাহ শেষে ০২ (দুই) প্রস্থ বিল দাখিল করতে হবে। সরকারী বিধি মোতাবেক বিলের টাকা থেকে ভ্যাট - ট্যাক্স ও অন্যান্য কর কর্তন করা হবে। পোনা মাছ অবমুক্তি খাতে মূল্য পরিশোধের পূর্বে পোনা মাছ ক্রয় কমিটির প্রত্যয়ন এবং প্রকল্প পরিচালকের নিকট হতে লিখিত আর্থিক মঞ্জুরী গ্রহণ করতে হবে।

১১. পোনা সরবরাহের ক্ষেত্রে পোনার আকার ও ওজন উভয়ই বিবেচনায় আনা হবে এবং উভয় বিষয় প্রতিপালনপূর্বক পোনা গ্রহণ করা হবে।

১২. উর্ধতন কর্তৃপক্ষের নির্দেশে বা যে কোন অবস্থার পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ প্রয়োজন বোধে যে কোন সময় পোনা গ্রহণ বন্ধ করে দিতে পারেন। এই অবস্থায় কোটেশন দাতা/সরবরাহকারী যে পরিমাণ পোনা সরবরাহ করেছেন শুধুমাত্র তার বিল দাবী করতে পারবেন। বাতিলকৃত সরবরাহ আদেশের বিরুদ্ধে কোন প্রকার দাবী/অভিযোগ বা আইনী ব্যবস্থা গ্রহণযোগ্য হবে না।

১৩. কোটেশন দাতা কর্তৃক চুক্তিবদ্ধ পোনার পরিমাণের চেয়ে ৫০% এর কম পোনা সরবরাহ করলে সরবরাহকৃত পোনার মূল্য প্রদান করা হবে না।
চুক্তিবদ্ধ পরিমানের ৫০% অধিক এবং সর্বোচ্চ ১০০ ভাগ পোনা সরবরাহ করা হলে সরবরাহকৃত পোনার মূল্য প্রদান করা হবে এ ব্যাপারে সরবরাহকারীর কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৪. প্রতি কেজি পোনার মূল্যের উপর ভিত্তি করে প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী সরবরাহযোগ্য পোনার পরিমান নির্ধারন করা হবে যা কার্যাদেশে উল্লেখ করা হবে।

১৫. একজন কোটেশনদাতা কেবল মাত্র একটি কোটেশন দাখিল করতে পারবেন এবং কোটেশন পত্রে কোটেশন দাতার পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে। এ ছাড়া কোটেশন দাতাকে কোটেশন দলিলের প্রতি পৃষ্টায় স্বাক্ষর করতে হবে।

১৬. প্রজাতিভিত্তিক মাছের পোনা পৃথক পৃথক ভাবে সরবরাহ করতে হবে এবং জলাশয়ে পৌছানোর পর হাপায় অন্ততঃ ০১ (এক) ঘন্টা Conditioning করতে হবে।

১৭. কোটেশনে অংশগ্রহণের পূর্বে কোটেশনের শর্তাবলীসহ সংশ্লিষ্ট কাগজ পত্রের প্রতি পৃষ্ঠা ভালভাবে পড়ে বুঝে তবেই কোটেশনে অংশগ্রহণ করতে হবে।

১৮. কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন গ্রহণ করতে বাধ্য থাকবেন না এবং কোনরূপ কারন দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ বা বাতিল অথবা সকল আইটেমের কোটেশন বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৯. নির্বাচিত কোটেশনদাতাকে নির্দিষ্ট সময়ে নির্ধারিত আকার ও প্রজাতির পোনা মাছ সরবরাহের অঙ্গিকারনামা সম্পাদন করতে হবে।

২০. কোটেশন (সিডিউল) গ্রহণের সময় হালসন পর্যন্ত নবায়িত ট্রেড লাইসেন্স ও আয়কর সনদের সত্যায়িত ফটোকপি প্রদর্শন করতে হবে।

(প্রদীপ কুমার দাস)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ